চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

প্রেস বিজ্ঞপ্তি

উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডে সন্ত্রাস,মাদক,জঙ্গিবাদ ও দুনীতি বিরোধী সমাবেশে- মেয়র

মাদকাসক্ততায় আগামী জেনারেশন ধ্বংস হতে
থাকলে দেশের উন্নয়নে শূন্যতা সৃষ্টি হবে

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন তারুণ্যকে ধ্বংস করছে মাদক, তারুণ্যকে বিপথগামী করছে জঙ্গিবাদ। আজ ইয়াবা নতুন প্রজন্মকে ধ্বংস করে দিচ্ছে। এভাবে আগামী জেনারেশন ধ্বংস হতে থাকলে দেশের উন্নয়নে বড় শূন্যতা সৃষ্টি হবে। দেশের সামগ্রিক সমৃদ্ধি বজায় রাখতে মাদক,জঙ্গিবাদ -কে রুখতে হবে।আজ রোববার সকালে উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড-এর উদ্যোগে আয়োজিত সন্ত্রাস,মাদক,জঙ্গিবাদ ও দুনীতি বিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন।স্বাগতিক কাউন্সিলর শফিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে চসিক আইন শৃংখলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর এইচ.এম.সোহেল , সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আফরোজা কালাম ,নিবার্হী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার ,স্পেশাল জজ জাহানারা ফেরদৌস ও মাদক অধিদপ্তরের সহকারী পরিচালক এমদাদুল ইসলাম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের পক্ষে হোসেন মুরাদ, এম এ মান্নান, আলহাজ্ব এম এ বকর, সৈয়্যদ এনামুল হক মুনিরী, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী, বীর মুক্তিযোদ্ধা মুসা আল নুরী, এজহারুল হক, মো. ইদ্রিস, প্রিন্সিপাল হাজেরা খাতুন, মাওলানা তানভীর হোসাইন, ছাত্রনেতা নওশাদ, যুবনেতা নরুনবী প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিপুল কুমার দে ও ইসরাত জাহান মিলি।

মেয়র বলেন মাদক ও জঙ্গিবাদ দু'টিই অভিন্ন দুই শত্রু। জঙ্গিবাদ ও মাদকের ভয়াবহতা আজ জাতীয় সমৃদ্ধির প্রধান অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। যে পরিবারে একজন মাদকসেবী থাকে সেই পরিবারের দুঃখের সীমা থাকেনা । জাতির এই মরণ ব্যাধি থেকে আমাদের প্রজন্মদেরকে বেরিয়ে আনতে হবে । এক্ষেত্রে মাদকাসক্ত পিতা মাতা ও অভিভাবকে দায়িত্ব সর্বাগ্রে অগ্রগন্য। এই প্রসংগে মেয়র বলেন সন্তানরা যখন বড় হতে থাকবে তখন মা-বাবা ও অভিভাবকদের আরও একটি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে তারা কোথায় যায় এবং কাদের সঙ্গে মিশে, সেদিকে নজর রাখা। মাদকাসক্তি বা জঙ্গি মানসিকতার মানুষের সঙ্গে যদি কেউ মেলামেশা করছে বলে জানা যায় তবে তা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং নিজেদের দ্বারা তা সম্ভব না হলে সমাজপতি, শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান,সন্ত্রাস বিরোধী ওয়ার্ড কমিটিকে অবহিতকরণ,প্রয়োজনে সরকারি সংস্থাকে জানানোর পরামর্শ দেন মেয়র। মেয়র বলেন ইসলাম শান্তির ধর্ম। ইসলামে সন্ত্রাস ও জঙ্গিবাদের কোনো স্থান নেই। আর যারা ইসলামের নাম ভাঙ্গিয়ে সন্ত্রাসী কর্মকান্ড পরিচালিত করে ,তারা প্রিয় নবী (সাঃ) এর শিক্ষা ও আর্দশ থেকে অনেক দূরে। নিজেদের স্বার্থ চরিত্রার্থ করার উদ্দেশ্যে এই পথ বেঁচে নিয়েছে। এসব ভন্ডদের নিকট থেকে আমাদের সন্তানদের রক্ষা করার কথা উল্লেখ করে মেয়র বলেন মাদক সন্ত্রাসী-জঙ্গিবাদ ও দুনীতিবাজদের চিহ্নিতকরণ এবং তাদের বিরুদ্ধে তথ্য সংগ্রহ-কার্যক্রম আরও অনেক জোরদার করতে হবে। এক্ষেত্রে সরকার তো বটেই, সাধারণ মানুষসহ সব মহলের দায়িত্ব রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

প্রেস বিজ্ঞপ্তি

চমেক ২০১৯ ইন্টার্নি ডাক্তারদের শপথ অনুষ্ঠানে-মেয়র

চমেক নবীন ডাক্তারদের সুন্দর
আচার-আচরণের উপর গুরুত্বারোপ

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ২০১৯ সালের ইর্ন্টানি ডাক্তারদের যোগদান উপলক্ষে আজ সোমবার দুপুরে চট্টগ্রাম মেডিকেল কলেজ মিলনায়তনে এক শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেডিকেল কলেজ হাসপাতাল পরিচালনা পর্ষদের সভাপতি সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। শপথ বাক্য পাঠ করান মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক বিগ্রেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক সেলিম মো. জাহাঙ্গীর, মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক

বিগ্রেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন, বিএমএ'র সহ সভাপতি অধ্যাপক মনোয়ারুল হক শামীম, সাধারণ সম্পাদক ডা. ফয়সাল ইকবাল চৌধুরী, অধ্যাপক প্রদীপ কুমার দত্ত, অধ্যাপক প্রদীপ কুমার ও নবীনদের পক্ষে ডা. নঈম। অনুষ্ঠানে মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন। সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন নবীন ডাক্তারদের চিকিৎসা সেবা কাজে অংশগ্রহনে স্বাগত জানিয়ে নবীন ডাক্তারদের সুন্দর ব্যবহার আচার-আচরণ ও মানব সেবায় ব্রতী হয়ে সর্বস্তরের জনগণের পাশে থেকে সুস্থ ও সন্দুর দেশ গড়ার পরামর্শ দেন। তিনি বলেন এমবিএস কোর্স সম্পন্ন করার মানে পুরোপুরি ডাক্তার হয়ে যাওয়া নয়। চিকিৎসা সেবায় নিয়োজিত হলে বই পুস্তকের পড়ার সাথে বাস্তব অভিজ্ঞতা অবশ্যই অপরিসীম। এ ক্ষেত্রে ইর্ন্টানী পিরিয়ট হচ্ছে ডাক্তারী পেশায় নিয়োজিত হওয়ার পূর্ব প্রস্তুতিমূলক বাস্তব শিক্ষা। এ সুযোগটি সঠিকভাবে কাজে লাগাতে পারলে আদর্শ ডাক্তার হিসেবে প্রতিষ্ঠিত হওয়া সম্ভব। এ প্রসঙ্গে মেয়র বলেন রোগীদের প্রতি আন্তরিক থেকে সিনিয়র ডাক্তারদের নির্দেশনা মেনে চিকিৎসা চালাতে হবে। সর্বদা রোগী ও তাদের স্বজনদের সাথে ভাল ব্যবহার করতে হবে। কোন ভাবেই ধৈর্য্য হারানো চলবে না।

চাক্তাই ভেড়া মার্কেটে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের
ত্রাণ ও আর্থিক অনুদান দিলেন মেয়র

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

নগরীর বকশিরহাট ওয়ার্ডস্থ চাক্তাই ভেড়া মার্কেটে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে রান্না সামগ্রী ও আর্থিক অনুদান বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। চাক্তাই আড়তদার ও ব্যবসায়ী সমিতির উদ্যোগে আজ রবিবার সকালে এসব সামগ্রী বিতরণ করা হয়। ক্ষতিগ্রস্ত ১৮২ পরিবারকে চাক্তাই আড়তদার ব্যবসায়ী ও ডাল মিল সমিতির পক্ষ থেকে রান্নার সামগ্রী এবং চসিক থেকে আর্থিক অনুদান দেয়া হয়েছে। ইতোপূর্বে জেলা প্রশাসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ ও স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত এসব পরিবারকে সহায়তা করা হয়। এ সময় কাউন্সিলর হাজী নুরুল হক, হাসান মুরাদ বিপ্লব ও চাক্তাই শিল্প ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব এস এম হারুনুর রশিদ, ডাল মিল সমিতির সভাপতি সঞ্জয় দেব খোকন, সাধারণ সম্পাদক মহিউদ্দিন মহিম, চাক্তাই আড়তদার ও ব্যবসায়ী সমিতি আহবায়ক আবুল কাশেম, যুগ্ম আহবায়ক আহসান সালেহ, পারভেজ, ব্যবসায়ী ফয়জুল্লাহ চৌধুরী বাহাদুর, জাহাঙ্গীর আলম, লিটন রায় চৌধুরী, মামুনুর রশিদ, আবু বক্কর, আব্বাস আলী, মান্না বিশ্বাস ও আতিক উল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন।

ত্রাণ সামগ্রী বিতরণ কালে মেয়র বলেন, শুস্ক মৌসুমে অগ্নিকান্ডের মতো ঘটনা বেশি ঘটে। তাই এ ধরনের দুর্যোগ থেকে রক্ষা পেতে আমাদের সাবধানতা অবলম্বণ করতে হবে। কারণ সামান্য একটু ভুল ও অসাবধানতা অনেক জান-মালের ক্ষয়-ক্ষতি ঘটাতে পারে। রান্না পর ঠিকঠাক ভাবে চুলা নিভানো হয়েছে কিনা, বৈদ্যুতিক সংযোগ লাইনে কোন ত্রুটি আছে কিনা ও শিল্প-কারখানায় অগ্নিনির্বাপক সরঞ্জাম গুলোর মেয়াদ আছে কিনা তা যথাযথভাবে পরীক্ষা করে দেখতে হবে। নগর জীবনে নির্বিঘ্নে সুস্থ সুন্দর জীবন-যাপনে পরিকল্পনা ও সাবধানতার কোন বিকল্প নাই।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডের নালার মাটি ও পরিচ্ছন্ন কাজ আগামীকাল ১১ মার্চ ২০১৯ সোমবার সকাল ৯ টায় নগরীর খলিফাপট্টি গ্রীণ ভ্যালির সামনে উদ্বোধন করা হবে। উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন।

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাইটেক পার্ক ও চসিকের

সমঝোতা স্মারক চুক্তি কাল

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে বাংলাদেশ হাই-টেক পার্কের জমি হস্তান্তরের বিষয়ে আগামীকাল **১১** মার্চ **২০১৯** সোমবার দুপুর **১২** টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে। এতে ডাক টেলি যোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন উপস্থিত থাকবেন।

সফট্ওয়্যার টেকনোলজি

পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন কাল

চট্টগ্রাম -১০ মার্চ -২০১৯ ইংরেজী

বাংলাদেশ হাই-টেক পার্কের উদ্যোগে আগামীকাল **১১** মার্চ **২০১৯** সোমবার বিকেল ৩ টায় নগরীর আগ্রাবাদস্থ সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটে চট্টগ্রাম সফট্ওয়্যার টেকনোলজি পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে। পার্কের এই ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ডাক টেলি যোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার। অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ করা যাচ্ছে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন